

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৬৮৫

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৫. মালের বিনিময়ে বন্দীদের ছেড়ে দেওয়া।

### باب فِي فِدَاءِ الْأَسِيرِ بِالْمَالِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، فِي هَذِهِ الْقِصَّةِ قَالَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "رُدُّوا عَلَيْنِهِمْ نِسَاءَهُمْ وَأَبْنَاءَهُمْ فَمَنْ مَسَكَ بِشَيْءٍ مِنْ هَذَا الْفَىءِ فَإِنَّ لَهُ بِهِ عَلَيْنَا سِتًّا فَرَأَيْتُمْ مِنْ أَوَّلِ شَيْءٍ يُفِيئُهُ اللَّهُ عَلَيْنَا " . ثُمَّ دَنَا - يَعْنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مِنْ بَعِيرٍ فَأَخَذَ وَبَرَةً مِنْ سَنَامِهِ ثُمَّ قَالَ " يَا أَيُّهَا النَّاسُ إِنَّهُ لَيْسَ لِي مِنَ الْفَىءِ شَيْءٌ وَلَا هَذَا " . وَرَفَعَ أَصْبُعَيْهِ " إِلَّا الْخُمْسُ وَالْخُمْسُ مَرْدُودٌ عَلَيْكُمْ فَأَدُّوا الْخِيَاطَ وَالْمَخِيْطَ " . فَقَامَ رَجُلٌ فِي يَدِهِ كُبَّةٌ مِنْ شَعْرِ فَقَالَ أَخَذْتُ هَذِهِ لِأُصْلِحَ بِهَا بَرْدَعَةً لِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " أَمَّا مَا كَانَ لِي وَلِبْنِي عَبْدِ الْمُطَّلِبِ فَهُوَ لَكَ " . فَقَالَ أَمَّا إِذْ بَلَغْتَ مَا أَرَى فَلَا أَرَبَ لِي فِيهَا . وَنَبَذَهَا .

বাংলা

২৬৮৫. মুসা ইবন ইসমাঈল (রহঃ) .... 'আমর ইবন শু'আয়ব (রাঃ) তাঁর পিতা হতে এবং তিনি তাঁর দাদা হতে উক্ত ঘটনা সম্পর্কে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা তাদের স্ত্রীদের ও বাচ্চাদের তাদের নিকট প্রত্যাবর্তন কর। আর যে ব্যক্তি উক্ত গণীমতের মাল হতে কিছু রাখতে ইচ্ছা করবে, আমি তাকে এর বিনিময়ে মালে গণীমত হতে ছয়টি উট দেব, যা আল্লাহ আমাদের দান করবেন। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি উটের নিকটবর্তী হয়ে তার ঘাড় হতে একটি পশম নিয়ে বললেনঃ হে লোক সকল! আমি এ গণীমতের মালের কিছুই মালিক নই, এমনকি এই পশমেরও মালিক নই।

এরপর তিনি দু'আঙ্গুলে সে পশমটি তুলে ধরে বললেনঃ অবশ্য আমি (মালে গণীমতের) এক-পঞ্চমাংশের মালিক এবং সেই এক-পঞ্চমাংশও তোমাদের মাঝে বিতরণ করব। কাজেই তোমরা সুই ও সুতা পর্যন্ত আদায় কর (কিছুই গোপণ করবে না)। তখন এক ব্যক্তি দাঁড়ায় যার হাতে ছিল পশমের তৈরী রশির টুকরা এবং বলেঃ আমি এই

রশির টুকরাটা পালানের নীচের কস্বল ঠিক করার জন্য নিয়েছিলাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এর মাঝে আমার এবং বনু আবদুল মুত্তলিবের যে অংশ আছে, (তা আমি মাফ করলাম), এখন তা তোমার। তখন সে ব্যক্তি বললঃ এই সামান্য রশির ব্যাপার যদি এরূপ হয়, যা আমি দেখছি, তবে এতে আমার কোন প্রয়োজন নেই। এরপর সে তার হাত থেকে তা ছুঁড়ে ফেলে দিল।

## English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

The Messenger of Allah (ﷺ) then said: Return to them (Hawazin) their women and their sons. If any of you withholds anything from this booty, we have six camels for him from the first booty which Allah gives us. The Prophet (ﷺ) then approached a camel, and taking a hair from its hump said: O people, I get nothing of this booty, not even this (meanwhile raising his two fingers) but the fifth, and the fifth is returned to you, so hand over threads and needles. A man got up with a ball of hair in his hand and said: I took this to repair the cloth under a pack-saddle. The Messenger of Allah (ﷺ) said: You can have what belongs to me and to the Banu al-Muttalib. He said: If it produces the result that I now realise, I have no desire for it.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34793>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন